



জয়পুরহাট সরকারি মহিলা কলেজ, জয়পুরহাট

JAIPURHAT GOVT. WOMEN'S COLLEGE

Jaipurhat, Bangladesh.

College Code: Board – 5050, Center Code: 452, NU -2803, EIIN NO: 121895

Phone: -0571 – 62457

website: www.jgwc.edu.bd ই-মেইল: mohilacollege.jaipurhat@gmail.com

স্মারক নম্বর: জ.স.ম.ক/ ৩৯ /২০২১

তারিখ: ০৩/০৮/২০২১

২০২১ সালের HSC পরীক্ষার ফরম পূরণের ক্ষেত্রে অনুসরণীয় ও জ্ঞাতব্য বিষয় সংক্রান্ত

বিজ্ঞপ্তি

জয়পুরহাট সরকারি মহিলা কলেজের উচ্চ মাধ্যমিক শ্রেণির নিয়মিত, অনিয়মিতসহ সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, তাদের

২০২১ সালের HSC পরীক্ষার অন-লাইন ফরম পূরণের ক্ষেত্রে অনুসরণীয় ও জ্ঞাতব্য বিষয়সমূহ নিম্নরূপ:

০১) ফরম পূরণের জন্য মোবাইল নম্বর: ফরম পূরণের জন্য শিক্ষার্থী অথবা তার অভিভাবকের সচল মোবাইল নম্বর প্রয়োজন। কলেজের ডেটাবেজে সংরক্ষণকৃত মোবাইল নম্বর যাচাইকরণের কাজ চলছে, শিক্ষার্থীরা ফোন করে নিজ নিজ মোবাইল নম্বর নিশ্চিত করবে - এ সংক্রান্ত একটি নোটিশ দেওয়া হয়েছে। এ কার্যক্রমে সকল শিক্ষার্থীর সহযোগিতা প্রয়োজন, **মোবাইল নম্বর পাওয়া না গেলে বা ভুল হলে ফরম পূরণ করতে পারবে না। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।**

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে হলে সেই শিক্ষার্থীর মোবাইল নম্বর কলেজকে জানাতে হবে। উল্লেখ্য নিয়মিত, অনিয়মিত, রিটেভ, ডিটেভ, এক বিষয়, দুই বিষয়, মানোন্নয়নসহ সকল পরীক্ষার্থী বা তার অভিভাবকের সচল মোবাইল নম্বর কলেজকে অবশ্যই ফোনে বা যেকোন মাধ্যমে জানাতে হবে।

০২) ফরম পূরণে অংশগ্রহণ: আবশ্যিক বিষয়ের পরীক্ষা হবে না তবে আবশ্যিক বিষয়ে অকৃতকার্য অনিয়মিত শিক্ষার্থীকেও ফরম পূরণ করতে হবে। অর্থাৎ ২০২১ সালের HSC পরীক্ষায় অংশ নিতে চায় -এমন সকল পরীক্ষার্থীর জন্য ফরম পূরণ বাধ্যতামূলক।

০৩) SMS পাঠানো: আগামী **২৫/৮/২০২১ তারিখে** শিক্ষার্থী বা তার অভিভাবকের সচল মোবাইল নম্বরে ফরম পূরণের যাবতীয় ফি'র পরিমাণ, শিক্ষার্থী তথ্য ও ফি পরিশোধ করার জন্য একটি **SMS** চলে যাবে।

০৪) ফি প্রদানের পদ্ধতি: SMS-এ প্রাপ্ত লিংক ব্যবহার করে অথবা সোনালী ব্যাংকের ই-সেবা (Sonali eSheba) অ্যাপ, Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet ইত্যাদির যেকোন একটি মাধ্যমে ফরম পূরণ ফি প্রদান করা যাবে। এছাড়াও রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি প্রদান করা যাবে।

০৫) ফি প্রদানের শেষ তারিখ: ৩০/৮/২০২১ সোমবার।

০৬) ফি প্রদান নিশ্চিতকরণ: পেমেন্ট করার পর শিক্ষার্থী বা তার অভিভাবকের সচল মোবাইল নম্বরে ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে আরও একটি SMS চলে যাবে। কোন কারিগরি ত্রুটির কারণে SMS না পেলে রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকে তার ফরম পূরণের Status যেকোন সময় দেখতে পারবে।

বি.দ্র: নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে, তার ফরম পূরণ হয়নি বলে গণ্য হবে। সেক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(প্রফেসর মোঃ আবু বক্কর সিদ্দিক-৭৯২৬)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

জয়পুরহাট সরকারি মহিলা কলেজ, জয়পুরহাট।